# ঈশ্বরের লোকেরা একত্রে, একই দেহরূপে কার্য করেন

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, শিশুদের একই দেহের বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের ন্যায় একসাথে ঘনিষ্ঠ ভাবে কাজ করতে সাহায্যের জন্য এই অধ্যায়ণটি ব্যবহার কর।''

এইগুলির মধ্যে থেকে সেই সমস্ত যে কোন শিশুদের কার্যকলাপগুলি বেছে নিন, যেগুলি তাদের বয়স এবং প্রাপ্ত সময়ের সাথে মানান সই হবে।

একটি ছবির ধাঁধাকে একত্রে রাখুন।



- একখন্ড কাগজের উপর একটি শিশুর শরীরের রূপরেখা অঙ্কন করুন, (যত বড় হবে তত ভালো হবে) এটিকে শিশুদেরকে দেখান।
- এটিকে টুকরো করে কেটে ফেলে প্রত্যেক শিশুকে অন্ততঃ একটি করে খন্ড দেবেন। শিশুদের একত্রে, যে খন্ডটি যেখানে মিলবে সেখানে মেলাবার দ্বারা ধাঁধাটি মিলাতে বলুন। বড় শিশুদের একটু ছোটদের সাহায্য করতে দিন।
- দলটি যদি ছোট হয় তবে আগে থাকতেই খন্ডগুলিকে ঘরের মধ্যে বিভিন্ন জায়গায় লুকিয়ে রাখুন। শিশুদের তা খুঁজে বের করতে বলুন।
- দলটি যদি বড় হয়, তবে একাধিক ছবিকে খন্ড খন্ড করে আগে থাকতে আলাদা করে রাখুন। শিশুদের কয়েকটি দলে ভাগ হতে বলুন। প্রত্যেক দলকে একটি করে ছবি দিন।
- ছবিতে যখন খন্ডগুলি যুক্ত করবে তখন শিশুদের ঈশ্বর তাদের কি করাতে চান সে বিষয়ে কিছু বলতে দিন। তাদের সুবিধার্থে এই উদাহরণগুলি দিন ঃ পিতা মাতার বাধ্য হওয়া, ঈশ্বরে আস্থারাখা।

ঈশ্বরকে প্রেম করা, লোকদের ভালবাসা, শত্রুদের ক্ষমা করা, একে অন্যকে সেবা করা, দান, পালকে যীশুর সম্বন্ধে বলো, আরাধনা প্রার্থনা, বাইবেল অধ্যায়ণ ইত্যাদি।

- ঈশ্বর তাদেরকে কী করাতে চান সে বিষয়ে বড় শিশুদের একটু ছোটদের ভাবতে সাহায্য করতে দিন।

**বড় শিশু অথবা শিক্ষকে ঃ** ১ করিন্থিয় ১২ঃ৪-২৬ অংশে উল্লেখিত দেহের উদাহরণকে ব্যাখ্যা কর।

- উপাসক মন্ডলীকে আমরা একটি 'দেহ' বলে অভিহিত করি, কারণ আমরা সবাই আমাদের প্রভু যীশু খ্রীষ্টের। তিনি হলেন আমাদের মস্তক, এবং আমরা তার দেহ। ঈশ্বর তার উপাসক মন্ডলীর লোকদেরকে একে অন্যকে সেবা করার জন্য বিশেষ কাজ দেন।
- বিশেষ কাজ যুক্ত সমপিত লোকেরা আমাদের দেহের সেই সব বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গের মত যারা একত্রে কাজ করে।

একটি দেহ হিসাবে আমরা কী ভাবে একত্রে কাজ করি সে সম্পর্কে প্রশ্নগুলি জিজ্ঞাসা করুন। (প্রতি প্রশ্নের পর উত্তর দেওয়া হল।)

- লোকেরা উপাসক মন্ডলীতে করতে পারে এমন কিছু কাজ কি কি? (৮-১০ পদ দেখুন)।
- কে প্রত্যেককে তাদের অনুগ্রহ দানগুলি দিয়ে থাকেন? (১১ পদ)।
- পবিত্র আত্মা কিসে খ্রীষ্ট বিশ্বাসীদের কে বাপ্তিস্ম দিয়ে থাকেন? (১২-১৪ পদ)।
- কিসের অভাব ঘটত যদি সমস্ত শরীরে শুধুমাত্র একটি চোখ হতো? (১৭ পদ)
- মন্ডলীতে কোন ব্যক্তি যখন কষ্টে থাকে অথবা সম্মান প্রাপ্ত হয় তখন এক দেহ হিসাবে আমরা কি করি? (২৬ পদ)

যখন লোকেরা একে অন্যের সাথে কাজ করেনা তখন দেহে যে প্রতিক্রিয়া হয় তা শিশুদের দেখাতে দাও ঃ

- ব্যাখ্যা করুন যে চরণ হল সেই সমস্ত লোক যারা ঈশ্বরের সুসমাচারকে বিভিন্ন জায়গায় নিয়ে যায়। এরপর বল, 'ঘরের মধ্যে একটি চরণ যদি তার কাজ না করে, তাহলে দেহ কী ভাবে হাঁটবে তা দেখাও'। (শিশুদের লাফাতে দিন)।
- চোখের ব্যাপারেও একই রকম কর। (লোকেরা যারা দেখে ঈশ্বর আমাদের কী করতে চান)।

১ করিন্থিয় ১২ অধ্যায়টির কিছু অংশ নাটক আকারে প্রস্তুত কর।

- নেতা ও শিশুদের নিয়ে প্রধান আরাধনার সময়ে বয়স্কদের জন্য এই সংক্ষিপ্ত নাটকটি উপস্থাপন করার ব্যবস্থা করুন। আপনি এর কয়েটি অংশকে ব্যবহার করতে পারেন। বড় শিশুদের ছোটদের কে সাহায্য করতে দিন।

একজন বড় শিশুকে ঈশ্বরের রবের ভূমিকায়

পাঠ করতে দিন। একজন শিক্ষক অথবা বড় শিশু যে ভালো শিক্ষা দিতে পারে। তাকে শিক্ষকের ভূমিকায় পাঠ করতে দিন।

অন্যান্য শিশুদের চরণ, হাত, চোখ ও কানের ভূমিকায় পাঠ করতে দিন।

**শিক্ষক ঃ** ৪-১৩ পদ ব্যাখ্যা করবে। এরপর বলবে, ''ঈশ্বরের আত্মা কি বলেন তা শুনুন''

**ঈশ্বরের রব ঃ** ''এস। দেহের অংশ হও। যখন আমি তোমাদের বাপ্তাইজিত করি, তখন তোমাদের খ্রীষ্টের দেহের সাথে সংযুক্ত করি এবং প্রত্যেককে করার জন্যে ভিন্ন ভিন্ন কাজ প্রদান করি।''

**চরণ, হাত, চোখ ও কান ঃ** হাত ধরে বৃত্তকারে দাঁড়াবে, চারদিকে একবার প্রদক্ষিণ করবে। দলটি যদি বৃহৎ হয় তবে বৃত্তের মধ্যে আর একটি বৃত্ত তৈরী করবে।

**শিক্ষক ঃ** ১৪-২১ পদ ব্যাখ্যা করবে। এরপর বলবে, ''দুটি অলস চরণ কি বলে তা শুনুন''

**চরণ ঃ** বৃত্ত থেকে বেরিয়ে আসবে। চেঁচিয়ে বলবে, আমাদের দিকে কেউ নজর দেয় না। আমরা এই দল ত্যাগ করব!'' ''আমাকে যদি হাত না করা হয়, তবে আমি কিছুতেই সেবা করব না! আমি একজন হাত হতে চাই!'' (বৃত্তের মধ্যেই যারা, তারা পড়ে যাবে)।

**কান ঃ** (রাগত ভাবে) ''আমি শুধু একজন কান!''

''আমি বরং একজন চোখ হতে চাই!'' (বৃত্ত ত্যাগ করবে)।

**হাত ঃ** ''আমি হলাম হাত যে সবার থেকে গুরুত্বপূর্ণ!''

''তোমাদের কাউকে আমার প্রয়োজন নেই!'' (ত্যাগ করবে)

**চোখ ঃ** ''আমি হলাম চোখ! নাক, তোমাকে আমার দরকার নেই!''

''তোমাকে ছাড়াও আমি খুব ভালো ভাবেই দেখতে পাই!'' (ত্যাগ করবে)

**শিক্ষক ঃ** ''২২-২৬ পদগুলি ব্যাখ্যা করবে। এরপর বলবে, ''পবিত্র আত্মা কি বলেন তা শুনুন''

**ঈশ্বরের রব ঃ** ''তোমরা সবই আবার বৃত্তের মধ্যে ফিরে এস। ঈশ্বর তোমাদের সবাইকেই ব্যবহার করেন!''

**চরণ, হাত, চোখ এবং কান ঃ** সবাই বৃত্তে যোগ দেবে এবং চারপাশ একবার প্রদক্ষিন করবে।

**শিক্ষক অথবা বড় শিশু ঃ** নাটকটিতে যারা সাহায্য করেছে তাদের প্রত্যেককে ধন্যবাদ জানাবে। শিশুরা যদি প্রাপ্ত বয়স্কদের জন্য এটি উপস্থাপন করে যাকে তবে তাদের উপর দত্ত প্রশ্নগুলিকেও প্রাপ্ত বয়স্কদের জিজ্ঞাসা করতে দিন।



**আলোচনা ঃ** আমাদের বিভিন্ন অনুগ্রহ দানগুলি দিয়ে একে অন্যকে পরিচর্যা করার বিভিন্ন উপায়গুলি সম্পর্কে শিশুদের ও প্রাপ্তবয়স্কদের বলতে বলুন।

একটি হাতের ছবি আঁকুন এবং শিশুদের তা নকল করতে বলুন। তাদের ছবিগুলিকে পরবর্তী আরাধনার সময় প্রাপ্ত বয়স্কদের দেখিয়ে শিশুদের ব্যাখ্যা করতে দিন যে, ঈশ্বর আমাদের বিভিন্ন ক্ষমতা দান করে থাকেন যাতে আমরা সেগুলি দ্বারা দেহের বিভিন্ন অংশের মত একে অন্যকে সেবা করতে পারি। এবং এটাই এই ছবিগুলি আমাদের দেখায়।

**মুখস্থ পদ ঃ** ছোট শিশুদের গালাতীয় ৫ঃ১৩; এবং বড়দের ইফিষীয় ৪ঃ১৫-১৬ পদগুলি শিখতে বলুন।

**কবিতা ঃ** পাঁচ জন শিশুর প্রত্যেককে গীতসংহিতা ১০০ থেকে একটি করে পদ আবৃত্তি করতে বলুন।

কি ভাবে আমরা একই দেহরূপে একত্রে কাজ করে থাকি তার উপর বড় শিশুদের কবিতা লিখতে বলুন। সপ্তাহের মধ্যেও তারা এটা করতে পারে।

**প্রার্থনা ঃ** ''প্রিয় প্রভু, দলের মধ্যে করার জন্য আমাদের প্রত্যেককে তুমি যে কাজ দিয়েছো, তার জন্য তোমায় ধন্যবাদ দিই। একে অন্যকে সেবা করতে আমাদের সাহায্য কর। অন্য লোকদের থেকে আমরা বেশী গুরুত্বপূর্ণ এমন চিন্তাভাবনা থেকে আমাদের দূরে রাখো। আমাদের স্মরণে রাখতে সাহায্য কর যে, প্রত্যেক বিশ্বাসীই তোমার কাছে গুরুত্বপূর্ণ।''

Copyright 2004 © by Paul-Timothy. May be freely copied. Download from www.Paul-Timothy.net